



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পাবনা-৬৬০০

স্মারক নং-পাবিপ্রবি/ভ:প:/২০২৫-২৬/০৩

তারিখ: ০৭ জুন ২০২৬ খ্রি.


কোটায় আবেদনকারীদের জন্য ভর্তির নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষ GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ A, B ও C ইউনিটে মেধাক্রমানুযায়ী প্রকাশিত ফলাফলের ভিত্তিতে কোটায় আবেদনকারীর কোটা ভেরিফিকেশন সম্পন্ন করার জন্য নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে অবস্থিত প্রক্টর অফিস এবং পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর-এ আগামী ০৯-১০ জুন ২০২৬ তারিখ সকাল ১১:০০ ঘটিকা হতে বেলা ০৩:০০ ঘটিকা পর্যন্ত উপস্থিত থাকার জন্য বলা হলো। অন্যথায় কোটার সুবিধা প্রদান করা কোনভাবেই সম্ভব হবে না।

বিঃদ্র: কোটায় আবেদনকারীদের মধ্যে যারা অত্র বিশ্ববিদ্যালয়ে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম ভেটেনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ভর্তি পরীক্ষায় (MCQ পরীক্ষা) অংশগ্রহণ করেছে, সেই সকল কোটায় আবেদনকারী অত্র বিশ্ববিদ্যালয় কোটা ভেরিফিকেশন সম্পন্ন করতে পারবে।

প্রয়োজনীয় কাগজপত্র:

১. FFQ- মুক্তিযোদ্ধা (সন্তান) কোটা: মুক্তিযোদ্ধার মূল সনদ, আবেদনকারীর জন্মনিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র (NID)।
২. PDQ- প্রতিবন্ধী বা বিশেষ চাহিদা সম্পন্ন কোটা: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মূল সনদ/ সুবর্ণ নাগরিক কার্ড।
৩. SEQ- ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ উপজাতি কোটা: জেলা প্রশাসক বা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত মূল সনদ।
৪. BKSP-বিকেএসপি (খেলোয়াড়) কোটা: বিকেএসপি-এর মূল সনদ;
৫. HDQ- হরিজন ও দলিত কোটা: জেলা প্রশাসক/ উপজেলা পরিষদ/ নিজ সম্প্রদায় প্রদত্ত মূল সনদ।
৬. NTQ- নন-ট্রাইবাল (পার্বত্য চট্টগ্রামের স্থায়ী বাসিন্দা) কোটা: রাজমাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যে কোন একটি বিশ্ববিদ্যালয়ে সশরীরে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে কোটা ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। NTQ- কোটার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার মূল সনদ থাকতে হবে।
৭. WQ-পোষ্য কোটা: পোষ্য কোটার স্বপক্ষে বিশ্ববিদ্যালয়ে কর্মরত অভিভাবকের চাকুরির প্রত্যয়নপত্র;


০৭/০৬/২০২৬
(বিজন কুমার ব্রহ্ম)


রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও
সদস্য সচিব, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষ
GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষা সংক্রান্ত কমিটি।

স্মারক নং-পাবিপ্রবি/ভ:প:/২০২৫-২৬/০৩

তারিখ: ০৭ জুন ২০২৬ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পরিচালক, আইসিটি সেল, পাবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ করা হলো);
- ২) প্রটোকল অফিসার, পাবিপ্রবি (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য);
- ৩) অফিস নথি।


০৭/০৬/২০২৬
(বিজন কুমার ব্রহ্ম)

রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও
সদস্য সচিব, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষ
GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষা সংক্রান্ত কমিটি।